# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১২: শেষ বয়সে অধিক পরিমাণে পুণ্য করার প্রতি উৎসাহ দান

(12) ـ باب الحث على الازدياد من الخير في أواخر العمر

---

আরবী

عن ابن عباس، رضي الله عنهما، قال: كان عمر رضي الله عنه يدخلني مع أشياخ بدر، فكأن بعضهم وجد في نفسه فقال: لم يدخل هذا معنا ولنا أبناء مثله!؟ فقال عمر: إنه من حيث علمتم! فدعاني ذات يوم فأدخلني معهم، فما رأيت أنه دعانى يومئذ إلا ليريهم قال: ما تقولون في قول الله تعالى: (إذا جاء نصر الله والفتح؟) (النصر:1) فقال بعضهم: أمرنا نحمد الله ونستغفره إذا نصرنا وفتح علينا. وسكت بعضهم فلم يقل شيئاً. فقال لي: أكذلك تقول يا ابن عباس؟ فقلت: لا. قال فما تقول؟ قلت: هو أجل رسول الله صلى الله عليه وسلم، أعلمه له قال: (إذاجاء نصر الله والفتح) وذلك علامة أجلك (فسبح بحمد ربك واستغفره إنه كان تواباً) (الفتح: 3) فقال عمر رضي الله عنه: ما أعلم منها إلا ما تقول. (رواه البخاري).

বাংলা

২/১১৫। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ’আনহুমা বলেন যে, উমার রাদিয়াল্লাহু ’আনহু আমাকে বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের সঙ্গে (তাঁর সভায়) প্রবেশ করাতেন। তাঁদের মধ্যে কিছু লোক যেন মনে মনে ক্ষুণ্ণ হলেন। অতএব বললেন, ’এ আমাদের সঙ্গে কেন প্রবেশ করছে? এর মত (সমবয়স্ক) ছেলে তো আমাদেরও আছে।’ (এ কথা শুনে) উমার রাদিয়াল্লাহু ’আনহু বললেন, ’এ কে, তা তোমরা জান।’ সুতরাং তিনি একদিন আমাকে ডাকলেন এবং আমাকে তাঁদের সঙ্গে (সভায়) প্রবেশ করালেন। আমার ধারণা ছিল যে, এদিন আমাকে ডাকার উদ্দেশ্য হল, তাদেরকে আমার মর্যাদা দেখানো। তিনি (পরীক্ষাস্বরূপ সভার লোককে) বললেন, ’তোমরা আল্লাহর এই কথা ’’যখন আল্লাহর সাহায্য ও বিজয় উপস্থিত হবে।’’ (সূরা নাসর: ১ আয়াত) এর ব্যাখ্যার ব্যাপারে কী বলছ?’ কিছু লোক বললেন, ’আমাদেরকে এতে আদেশ দেওয়া হয়েছে যে, যখন আল্লাহ আমাদেরকে সাহায্য ও বিজয় দান করবেন, তখন যেন আমরা তাঁর প্রশংসা করি ও তাঁর কাছে ক্ষমা চাই।’ আর কিছু লোক নিরুত্তর থাকলেন; তাঁরা কিছুই বললেন না।

(ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ’আনহু বলেন,) অতঃপর তিনি আমাকে বললেন, ’হে ইবনু আব্বাস! তুমিও কি এ কথাই বলছ?’ আমি বললাম, ’না।’ তিনি বললেন, ’তাহলে তুমি (এর ব্যাখ্যা) কী বলছ?’ আমি বললাম, ’তা হল আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যু সংবাদ, যা আল্লাহ তাঁকে জানিয়েছেন।’ তিনি বলেন, ’’যখন আল্লাহর সাহায্য ও বিজয় সমাগত হবে।’’ আর সেটা হল তোমার মৃত্যুর পূর্বলক্ষণ। ’’তখন তুমি তোমার প্রভুর প্রশংসায় তাঁর পবিত্রতা বর্ণনা কর ও তাঁর কাছে সবীয় ত্রুটির জন্য ক্ষমা চাও। নিশ্চয়ই তিনি তওবা গ্রহণকারী।’’ (সূরা নাসর: ৩ আয়াত) অতঃপর উমার রাদিয়াল্লাহু ’আনহু বললেন, এর অর্থ আমি তাই জানি, যা তুমি বললে।[1]

## English

(12) Chapter: Urging towards increasing Good Actions in later part of Life

Ibn 'Abbas (May Allah be pleased with them) said:
'Umar (May Allah be pleased with him) used to make me sit with the noble elderly men who had participated in the battle of Badr. Some of them disliked it and said to 'Umar: "Why do you bring in this boy to sit with us when we have sons like him?" 'Umar replied: "Because of the status he has, which you already know about (i.e., belongs to the source of knowledge and the house of the Prophet (ﷺ))." One day, 'Umar called me and seated me in the gathering of those people; and I think that he called me just to show them (of my religious knowledge). 'Umar then questioned them (in my presence). "How do you interpret the ayah of Allah: 'When there comes the Help of Allah (to you, O Muhammad (ﷺ) against your enemies) and the Conquest (of Makkah)."' Someone said that when Allah's Help and the Conquest (of Makkah) came to us, we were called upon to celebrate the Praise of Allah and ask for His forgiveness. Some others remained silent and did not utter a word. Thereupon 'Umar asked me: "Ibn 'Abbas! Do you say the same." I replied: "No". He said: "What do you say then?" I replied: "That is the sign of the Prophet's death about which he had been informed. Allah, the Exalted, says:

'When there comes the help of Allah (to you, O Muhammad (ﷺ) against your enemies) and the Conquest (of Makkah)'.

So declare the remoteness of your Rubb from every imperfection, and ask for His forgiveness. Verily, He is the One Who accepts the repentance and Who forgives".

On that 'Umar (May Allah be pleased with him) said: "I do not know anything about it other than what you have said".

[Al- Bukhari]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৯৭০, ৩৬২৭, ৪২৯৪, ৪৪৩০, ৪৯৬৯, তিরমিযী ৩৩৬২, আহমাদ ৩১১৭, ৩৩৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22417

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন